

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অধিশাখা : ১৩ (কারিগরি-২)
পরিবহণ পুল ভবন, ঢাকা-১০০০
www.moedu.gov.bd


নং- ৩৭.০০.০০০০.০৭৬.১২.০০১৩.১২ (অংশ-২)/  তারিখ : ০৩ অগ্রায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় : নার্সিং-মেডিকেল টেকনোলজি সনদ বিষয়ে কারিগরি শিক্ষা বোর্ড, রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ ও নার্সিং কাউন্সিলের মধ্যে বিদ্যমান জটিলতা নিরসন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে, নার্সিং-মেডিকেল টেকনোলজি সনদ বিষয়ে কারিগরি শিক্ষা বোর্ড, রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ ও নার্সিং কাউন্সিলের মধ্যে বিদ্যমান জটিলতা নিরসন সংক্রান্ত বিষয়ে গত ০২/১০/২০১৭ তারিখ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) ১৮/১১/২০০৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ এবং ২৪/০৫/২০১৬ তারিখ মহামান্য হাইকোর্ট-এর রায়ের আলোকে One Umbrella Concept-এর আওতায় পরিচালিত নতুনভাবে আইন প্রণীত না হওয়া পর্যন্ত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় পরিচালিত হেলথ টেকনোলজি কোর্স স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের Syllabus ও Curriculum অনুযায়ী পরিচালনা করতে হবে;
- (খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় পরিচালিত প্রতিষ্ঠানগুলোতে নার্সিং / মেডিকেল টেকনোলজি কোর্সসমূহের মেয়াদ ০৪ (চার) বছরের স্থলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানের ন্যায় ০৩ (তিন) বছর করতে হবে;
- (গ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ইতোমধ্যে প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নীতিমালা-২০১৭ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করেছে। যেহেতু, উক্ত নীতিমালা অনুযায়ী কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম গ্রহণ করেছে। চলমান ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নতুন করে আর শিক্ষার্থী ভর্তির সুযোগ নাই। আগামী ২০১৮-১৯ শিক্ষাবর্ষে প্রণীতব্য ভর্তি নীতিমালা-২০১৮-এ বিজ্ঞান গ্রুপ-এর পাশাপাশি ০৩ (তিন) বছর মেয়াদী উল্লেখ করে বিজ্ঞাপন প্রকাশ করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অগ্রগতি অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


উপ সচিব

ফোন : ৯৫৮২০৫৫

ds_tec2@moedu.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(অফিস আদেশটি অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)